# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১
**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশা/যশোর-১৪৪/৪/৩৬ তারিখ: ১০ অগ্রহায়ণ ১৪৩১ / ২৫ অক্টোবর ২০২৪

**বিষয়ঃ প্রয়োজনীয় কাগজপত্র প্রেরণ প্রসঙ্গে**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, যশোর জেলার সদর উপজেলাধীন উপশহর আলিম মাদ্রাসার চূড়ান্ত বরখাস্ত অধ্যক্ষ জনাব আ.ন.ম আব্দুর রাজ্জাককে জালজালিয়াত কাগজপত্রের মাধ্যমে অবৈধভাবে চূড়ান্ত বরখাস্ত অনুমোদন করা হয়েছে মর্মে অভিযোগ করে পুন:বহাল চেয়ে আবেদন করেছেন। অন্যদিকে জনাব মুহাঃ জাকারিয়া হোসেন নিজেকে অধ্যক্ষ উল্লেখ করে CP NO-৩০৫৭/২০২৪ মামলার স্থগিতাদেশ এর আদেশের আলোকে ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ করেছেন।

বর্ণিত অবস্থায়, চূড়ান্ত বরখাস্তকৃত অধ্যক্ষ জনাব আ.ন.ম আব্দুর রাজ্জাকের বর্ণিত অভিযোগের বিষয়ে অধ্যক্ষ জনাব মুহাঃ জাকারিয়া হোসেন কর্তৃক অধ্যক্ষের দাবীর সমর্থনে নিয়োগ সংক্রান্ত বিজ্ঞপ্তি, গভার্ণিং বডির সভা সংক্রান্ত নোটিশ, রেজুলেশন, নিয়োগপত্র, যোগদানপত্র এবং সকল সমর্থনীয় কাগজপত্রসহ সুস্পষ্ট লিখিত বক্তব্য নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

২৫/১১/২৪

প্রফেসর মোহাম্মদ মাহবুব হাসান
রেজিস্ট্রার (রুটিন দায়িত্ব) ও পরীক্ষা নিয়ন্ত্রক
ফোন: ৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

২৫/১১/২৪

জনাব মুহাঃ জাকারিয়া হোসেন (অধ্যক্ষ), উপশহর আলিম মাদ্রাসা
ডাকঘর: শিক্ষাবোর্ড ই ব্লক সংলগ্ন, সদর, যশোর

নং-বামাশিবো/প্রশা/যশোর-১৪৪/৪/৩৬ তারিখ: ১০ অগ্রহায়ণ ১৪৩১ / ২৫ অক্টোবর ২০২৪

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>

১. জেলা প্রশাসক, যশোর
২. জেলা শিক্ষা অফিসার, যশোর;
৩. উপজেলা নির্বাহী অফিসার, সদর, যশোর;
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, যশোর;
৫. জনাব আ.ন.ম আব্দুর রাজ্জাক (চূড়ান্ত বরখাস্তকৃত অধ্যক্ষ), ডাকঘর: শিক্ষাবোর্ড ই ব্লক সংলগ্ন, সদর, যশোর;
৬. পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৭. অফিস কপি।

তারিখ: ০৬/১১/২৪

অতীব জরুরী

LA'র মতামত নিন

বরাবর
মাননীয় চেয়ারম্যান
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ড
বকশি বাজার, ঢাকা।

**বিষয়: বকেয়া বেতন সহ অধ্যক্ষ পদে পুন:বহাল আদেশ দানের আবেদন।**

সূত্র: ১। বামাশিবো/সংস্থাপন/বাস্তবায়ন/এ-৪/৩৩৯/১০, তারিখ- ২৯/০৯/২০১৪ খ্রিঃ
২। ২৬/০৮/২০২৪ খ্রিঃ তারিখের আবেদন।
৩। ১২/১৯ নং দেওয়ানী মামলার আদেশ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নিবেদন এই যে, আমি নিম্ন স্বাক্ষরকারীকে জালজালিয়াত কাগজ সৃজন করে বিধিবর্হিভূত ও বেআইনী ভাবে যশোর সদর উপশহর আলিম মাদ্রাসার অধ্যক্ষ পদ হতে ১নং স্মারক পত্রের মাধ্যমে বরখাস্ত করা হয়।

২। আমি উক্ত স্মারক পত্রের বিধিবর্হিভূত বরখাস্তের বিষয়ে পুন:বিবেচনার জন্য ২নং সূত্রে বর্ণিত পত্রের মাধ্যমে আবেদন করি। আবেদনের প্রেক্ষিতে জানা যায় যে, উক্ত বিষয়ে আদালতে মামলা থাকায় পুন:বিবেচনার কোন সুযোগ নেই। এমতাবস্থায় মহোদয়ের পরামর্শ ক্রমে এবং পুরঃ বিবেচনার আশ্বাসে উক্ত ৩নং সূত্রে বর্ণিত মামলা আদালত কর্তৃক উত্তোলণ পূর্বক অত্রসাত সংযুক্ত করা হলো।

৩। বর্তমান মাদ্রাসায় ২০২১ সাল হতে অদ্যাবধি কোন ধরনের কমিটি নেই। শিক্ষক/কর্মচারীদের বেতন বিল উপজেলা নির্বাহী কর্মকর্তার প্রতিস্বাক্ষরে উত্তোলণ করে আসছেন।

অতএব, মহোদয় পুন:বহাল পূর্বক বকেয়া বেতন উল্লেখ সহ এবং উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক যোগদান পত্র প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে আপনার সদয় মর্জি হয়।

বিনীত নিবেদক

০৬/১১/২৪

(আ.ন.ম আব্দুর রাজ্জাক)
অধ্যক্ষ
উপশহর আলিম মাদ্রাসা
ডাকঘর- শিক্ষাবোর্ড, সদর, যশোর।
মোবাঃ ০১৭৪০-৯৯১০৬২

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
চেয়ারম্যান মহোদয়ের দপ্তর
ডায়রী নং ১৩১৮
তারিখ-
রেজিস্ট্রার
পরীক্ষা নিয়ন্ত্রক
পরিদর্শক
কারিকুলাম/ ছিয়ক
উপ-রেজিস্ট্রার প্রশাঃ/কমন
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক সনদ
আইসিটি সেল/কম্পিউটার কেন্দ্র
শাঃ শিঃ
জরুরী আলাপ করুন/ব্যবস্থা নিন
চেয়ারম্যান
০৬/১১/২৪

২৮/১১/২৪

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
রেজিস্ট্রার মহোদয়ের দপ্তর
ডায়রী নং ৯৯৯
পরীক্ষা নিয়ন্ত্রক
পরিদর্শক
প্রকাশনা নিয়ন্ত্রক
উপ-রেজিস্ট্রার প্রশাসন/কমন
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক গোপনীয়/পরীক্ষা
হিসাব রক্ষণ কর্মকর্তা
আইসিটি/কম্পিউটার কেন্দ্র
সহকারী প্রকৌশলী
রেজিস্ট্রার (রুটিন দায়িত্ব) ও পরীক্ষা নিয়ন্ত্রক
০৭-১১-২৪

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
আর এন্ড আই শাখা
ডাইরী নাম্বার ৭৭৭
তাং ০৬/১১/২৪

দুই টাকা বাংলাদেশ কোর্ট ফি

অনুলিপির জন্য দরখাস্ত করিবার তারিখ ৪/১১/২৪
প্রয়োজনীয় সংখ্যক ষ্ট্যাম্প এবং ফোলিও জমা দিবার নির্দিষ্ট তারিখ ৪/১১/২৪
প্রয়োজনীয় ... বিলি করিবার তারিখ ৪/১১/২৪
... ৪/১১/২৪
দরখাস্তকারীকে অনুলিপি দেওয়ার তারিখ

কোর্ট ফি সঠিক ৪/১১/২৪ প্রধান তুলনা সহকারী

আদেশ নামা

জেলা- যশোর

মোকাম- সিনিয়র সহকারী জজ অতিঃ ১ম আদালত, যশোর।

উপস্থিত- জনাব সুদর্শন কুমার রায়

সিনিয়র সহকারী জজ

অতিঃ ১ম আদালত, যশোর।

দেং মোকদ্দমা নং- ১২/১৯

আ.ন.ম আব্দুর রাজ্জাক বনাম উপশহর আলিম মাদ্রাসা

আদেশ নং-৫৫

তারিখ-০৪/১১/২৪

মামলাটি আগামী ১৮/১১/২৪ ইং তারিখ দিন ধার্য্য আছে। বাদীপক্ষ নথি উপস্থাপনের দরখাস্ত সহ অপর একখানা দরখাস্ত দাখিল করিয়া দরখাস্ত বর্নিত মতে অত্র মোকদ্দমার দিন শিপট ব্যাক করতঃ অদ্য দিন ধার্য্য পূর্বক ইং ৩১/১০/২৪ তারিখের দাখিলকৃত দরখাস্ত ও জবানবন্দির প্রেক্ষিতে অত্র মোকদ্দমাটি না-চালানো হেতু খারিজ করিবার আদেশের প্রার্থনা করেন। উল্লেখ্য যে, ইং ৭/১১/২৪ তারিখে বোর্ড মিটিং থাকায় আদেশ অতি প্রয়োজন। দরখাস্তের কপি অপরপক্ষ পাইয়াছে। দেখিলাম। নথি উপস্থাপনের প্রার্থনা মঞ্জুর করা হইল। তদানুসারে নথি উপস্থাপন করা হলো এবং গত ৩১/১০/২৪ ইং তারিখের দাখিলকৃত দরখাস্ত ও জবানবন্দির অদ্য অত্র মামলাটি না-চালানো হেতু খারিজ দরখাস্ত খানা শুনানীর জন্য লওয়া হলো।

শুনিলাম। বাদীপক্ষের দরখাস্ত শ্রবণ করলাম। নথি আদেশের জন্য নেওয়া হলো। পর্যালোচনায় দেখা যায় যে, বাদীপক্ষ ৩১/১০/২৪ তাং এ এক দরখাস্ত

"দেশপ্রেমের শপথ নিন, দুর্নীতিকে বিদায় দিন"

দুই টাকা

দিয়ে অত্র মোকদ্দমা না চালানো হেতু খারিজের আবেদন করেছেন। উক্ত দরখাস্ত এর সমর্থনে বাদীপক্ষ জবানবন্দিও প্রদান করেছেন। পরবর্তীতে ধার্য তারিখে আদেশের জন্য ধার্য ছিল। আর বাদীপক্ষ অত্র দরখাস্তের মাধ্যমে অত্র মোকদ্দমা না চালানো হেতু খারিজের আদেশের প্রার্থনা করেছেন। নাহলে তার অপূরনীয় ক্ষতি হবে মর্মে দরখাস্তে উল্লেখ করেন। দরখাস্ত শুনানী অন্তে এবং নথি পর্যালোচনায় বাদীর প্রার্থনা সঠিক বলে বিবেচিত হওয়ায় তা মঞ্জুরযোগ্য হচ্ছে। শুনানী অন্তে ও পর্যালোচনা অন্তে বাদীর প্রার্থনা মঞ্জুর করা হলো।

অতএব

আদেশ হয় যে,

অত্র মোকদ্দমাটি বাদীর না চালানো হেতু বিনা খরচায় খারিজ করা হলো।

আমার কথিত মতে লিখিত।

স্বাক্ষর/অপাঠ্য
সিনিয়র সহকারী জজ
অতিঃ ১ম আদালত, যশোর।

স্বাক্ষর/অপাঠ্য
সিনিয়র সহকারী জজ
অতিঃ ১ম আদালত, যশোর।

নকল কারকঃ ৫।১১।২৪

প্রধান তুলনা সহকারী ৫।১১।২৪
তুলনা সহকারী ৫।১১।২৪

সত্যায়িত অনুলিপি
এ্যাক্ট-১ এর ১৮০২ সনের/১৬ ধারা মতে অর্পিত ক্ষমতা বলে।
প্রশাসনিক কর্মকর্তা
সিনিয়র জেলা ও দায়রা জজ আদালত, যশোর।
৫।১১।২৪

"দেশপ্রেমের শপথ নিন

কোর্ট ফি সঠিক
প্রধান তুলনা সহকারী

অনুলিপির জন্য দরখাস্ত করিবার তারিখ ৫/১১/২৪
প্রয়োজনীয় সংখ্যক ষ্ট্যাম্প এবং ফোলিও জমা করিবার নির্দিষ্ট তারিখ ৫/১১/২৪
প্রয়োজনীয় ... ৫/১১/২৪
যে তারিখে ... ছিল ৫/১১/২৪
দরখাস্তকারীকে অনুলিপি দেওয়ার তারিখ

দশ টাকা বাংলাদেশ কোর্ট ফি

## বিজ্ঞ অতিরিক্ত সদর সহকারী জজ আদালত, যশোর ।

১২/১৯
দেওয়ানী

| বাদী | বিবাদী |
|---|---|
| আ.ন.ম আব্দুর রাজ্জাক | উপশহর আলিমা মাদ্রাসা |

বাদীপক্ষের প্রার্থনাঃ-

আরজীর তফসিল লিখিত নালিশী বিষয়বস্তু লইয়া আইনগত সমাধানের নিমিত্তে স্থানীয় ভাবে আপোষ মিমাংসার কথাবার্তা চলিতেছে। সেকারনে বাদীপক্ষ হইতে অত্র মোকদ্দমাটি পরিচালনা করিবার আবশ্যকতা নাই। অত্র মোকদ্দমাটি না চালানো হেতু খারিজ হওয়া আবশ্যক।

অতএব প্রার্থনা, প্রোক্ত অবস্থার প্রেক্ষিতে অত্র মোকদ্দমাটি না চালানো হেতু খারিজ করিবার আদেশদানে মর্জি হয়।

সত্যপাঠ

অত্র দরখাস্তের লিখিত বিবরণ সত্য। অত্র সত্যতায় নিজ নাম সহি সম্পাদন করিলাম।

আ.ন.ম. আব্দুর রাজ্জাক

Received Copy with objection
31/10/24

নকল কারক ঃ
তাং- ৫/১১/২০২৪

প্রধান তুলনা সহকারী ........ ৫/১১/২৪
তুলনা সহকারী ........ ৫/১১/২৪

সত্যায়িত অনুলিপি
এভিডেন্স এ্যাক্ট-১ এর ১৮৭২ সনের/৭৬ ধারা মতে অর্পিত ক্ষমতা বলে। প্রশাসনিক কর্মকর্তা সিনিয়র জেলা ও দায়রা জজ আদালত, যশোর
৫/১১/২৪

"দেশপ্রেমের শপথ নিন, দুর্নীতিকে বিদায় দিন"